অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে 6,500 জ্বালানি দক্ষতাসম্পন্ন LED লাইট ইনস্টল করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

এছাড়াও নিউ ইউর্ক পাওয়ার অথরিটি অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে আনুমানিক 1,700 LED ফিক্সচার প্রতিস্থাপন করছে

জ্বালানি দক্ষতাসম্পন্ন LED লাইটিং জ্বালানি খরচ সাশ্রয় এবং নির্গমন কমিয়ে আনার ফলাফল উন্নত করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইউর্ক পাওয়ার অথরিটি (New York Power Authority) এবং নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey) যুক্তরাষ্ট্রের সবচেয়ে উঁচু ভবন ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে (One World Trade Center) জ্বালানি দক্ষতাসম্পন্ন LED লাইট ইনস্টল করার কাজ সম্পন্ন করেছে। এছাড়াও NYPA হারলেমের কেন্দ্রস্থলে অবস্থিত অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে আনুমানিক 1,700 লাইটকে জ্বালানি দক্ষতাসম্পন্ন LED লাইটিং ফিক্সচার দিয়ে প্রতিস্থাপন করার জন্য অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services)-এর সঙ্গে অংশীদার হয়েছে। লাইটিং উন্নয়নের এই প্রকল্প NYPA কর্তৃক পরিচালিত স্টেটব্যাপী জ্বালানি দক্ষতা বিষয়ক কর্মসূচি, বিল্ডস্মার্ট 2025 (BuildSmart 2025)-কে সরাসরি সহায়তা করছে, যে কর্মসূচির লক্ষ্য হলো 2025 সালের শেষ নাগাদ স্টেট ফ্যাসিলিটিগুলোতে জ্বালানি ব্যবহার 11 ট্রিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট কমিয়ে আনা—যা সড়ক থেকে আনুমানিক 500,000 গাড়ি সরিয়ে ফেলার সমতুল্য।

"দেশের সবচেয়ে আইকনিক ভবনগুলোর একটি হিসেবে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার লোয়ার ম্যানহাটনের একটি মাইলফলকস্বরূপ এবং এটি অবশ্যই নিউ ইয়র্কের জ্বালানি দক্ষতাসম্পন্ন ভবিষ্যতের অংশ হওয়া উচিত," **বলেছেন গভর্নর হোকল।** "বিশ্বব্যাপী বিখ্যাত এই ভবনের লাইটিং উন্নয়নে সহায়তা করার মাধ্যমে, আমরা এটির কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনতে, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের খরচ কমিয়ে আনতে এবং আগামী দশকগুলোতে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে সর্বাধুনিক জ্বালানি দক্ষতা নিশ্চিত করতে সাহায্য করবো।"

ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে, যেটি 2014 সালে চালু হয়েছিল, 6,500 এরও বেশি ফ্লুরোসেন্ট লাইট ফিক্সচারকে আনুমানিক 3 মিলিয়ন ডলারের প্রকল্পের অংশ হিসেবে সর্বাধুনিক জ্বালানি

দক্ষতাসম্পন্ন LED লাইট দিয়ে প্রতিস্থাপন করা হয়েছে, যা এই ভবনের বার্ষিক কার্বন নির্গমনের পরিমাণ আনুমানিক 130 মেট্রিক টন কমিয়ে আনবে এবং প্রতি বছর জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ পোর্ট অথরিটির 64,000 ডলার সাশ্রয় করবে। নতুন লাইটগুলো টাওয়ার করিডরে, স্টেয়ারওয়েল, হলওয়ে এবং মেকানিকাল সরঞ্জামের কক্ষগুলোতে ইনস্টল করা হয়েছে এবং লাইটগুলোর আয়ুষ্কাল দশ বছর এবং সেগুলো আগের লাইটগুলোর চেয়ে 60% কম জ্বালানি ব্যবহার করে।

এই লাইটিং প্রকল্পের জন্য পাওয়ার অথরিটির সহায়তা, যা 2022 সালের এপ্রিল মাসে শুরু হয়েছিল, লোয়ার ম্যানহাটন এলাকার জ্বালানি দক্ষতা উন্নয়নের প্রকল্পগুলোর জন্য লোয়ার ম্যানহাটনকে সহায়তা প্রদান করার উদ্দেশ্যে 2006 সালে নিউ ইয়র্ক স্টেট কর্তৃক প্রতিষ্ঠিত 25 মিলিয়ন ডলারের একটি তহবিল, লোয়ার ম্যানহাটন এনার্জি ইন্ডিপেন্ডেন্স ইনিশিয়েটিভ (Lower Manhattan Energy Independence Initiative) -এর তরফ থেকে এসেছে।

এই লাইটিং প্রকল্প সেপ্টেম্বর 11 মেমোরিয়াল ও মিউজিয়ামের ভেতরে LED লাইটিং ইনস্টল করার জন্য 2021 সালে NYPA-পোর্ট অথরিটির ঘোষণার পরিপূরক।

পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক কটন বলেন, "2050 সালের মধ্যে নেট-জিরো নির্গমনের লক্ষ্য অর্জনের জন্য পোর্ট অথরিটির সমন্বিত রোডম্যাপের অংশ হিসেবে সংস্থাটি এই উদ্যোগটির মতো জ্বালানি দক্ষতা বিষয়ক উদ্যোগগুলোর মাধ্যমে এটির কার্বন ফুটপ্রিন্ট নাটকীয়ভাবে কমিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। NYPA-এর সঙ্গে অংশীদার হওয়ার মাধ্যমে আমরা ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের আধুনিকায়ন এবং উন্নয়ন করছি এবং একইসাথে নির্গমন কমিয়ে আনছি, ব্যয় কমিয়ে আনছি এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কমিয়ে আনছি। আমরা নির্গমন কমিয়ে আনা এবং আমাদের ফ্যাসিলিটিগুলোকে সমৃদ্ধ করার সুযোগ-সুবিধাগুলো শনাক্ত করা এবং সেগুলো কাজে লাগানো চালিয়ে যাবো।"

হারলেমে অবস্থিত অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে, NYPA ভবনের প্রধান লবি এবং নন-অফিস স্পেসগুলোতে 1,684টি ইন্টেরিয়র লাইট ফিক্সচারকে জ্বালানি দক্ষতাসম্পন্ন LED লাইট দিয়ে প্রতিস্থাপন করেছে। এছাড়াও নতুন লাইটগুলোতে ইন্টেলিজেন্ট জোনাল লাইটিং কন্ট্রোল থাকবে, যা আরো বেশি কর্মদক্ষতা ও নিয়ন্ত্রণের সুযোগ প্রদান করবে।

নিউ ইউর্ক পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "আমাদের সরকারি গ্রাহকদেরকে তাদের ডিকার্বনাইজেশনের যাত্রায় সহায়তা করার মাধ্যমে, NYPA আরো বেশি নির্মল, আরো বেশি জ্বালানি দক্ষতাসম্পন্ন নিউ ইয়র্ক স্টেট তৈরি করতে সাহায্য করছে। হারলেমের সবচেয়ে উঁচু ভবন, অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে ইনস্টল করা জ্বালানি দক্ষতাসম্পন্ন লাইটিং ফিক্সচারগুলো বার্ষিক কার্যপরিচালনা এবং রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ OGS-এর আনুমানিক 20,000 ডলার সাশ্রয় করবে এবং নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডার লক্ষ্যসমূহ এগিয়ে নিতে সাহায্য করবে।"

অফিস অব জেনারেল সার্ভিসেস-এর কমিশনার জেনেট ময় বলেন, "স্টেট ফ্যাসিলিটিগুলোকে ডিকার্বনাইজ করা এবং গভর্নর হোকলের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু এজেন্ডা

বাস্তবায়নের জন্য নিউ ইউর্ক পাওয়ার অথরিটির সঙ্গে অংশীদার হতে পেরে OGS গর্বিত। অ্যাডাম ক্লেইটন পাওয়েল স্টেট অফিস বিল্ডিংয়ে LED ফিক্সচার ইনস্টল করা আমাদের জ্বালানি দক্ষতা উন্নয়ন করছে, নির্গমন কমিয়ে আনছে, এবং আমাদের বিল্ডিং পোর্টফোলিওর রূপান্তরের ক্ষেত্রে আরেকটি পদক্ষেপ নির্দেশ করছে।"

আনুমানিক 1.7 মিলিয়ন ডলারের এই উন্নয়ন বার্ষিক কার্যপরিচালনা এবং রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ OGS-এর আনুমানিক 20,000 ডলার সাশ্রয় করবে এবং প্রতি বছর কার্বন নির্গমন 30 মেট্রিক টনের চেয়েও বেশি কমিয়ে আনবে—যা 3,300 গ্যালনের চেয়েও বেশি গ্যাসোলিন পোড়ানোর সমতুল্য নির্গমন। এই জ্বালানি দক্ষতাসম্পন্ন লাইট ফিক্সচারগুলো ইনস্টল করার কাজ 2022 সালের সেপ্টেম্বর মাসে শুরু হয়েছিল।

অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে LED লাইটিং ইনস্টল করা OGS-এর জন্য পাওয়ার অথোরিটি কর্তৃক বাস্তবায়নকৃত সবচেয়ে সাম্প্রতিক জ্বালানি দক্ষতা বিষয়ক প্রকল্প। 2013 সালের ডিসেম্বর মাস থেকে, NYPA সংস্থাটির জন্য মোট 75 মিলিয়ন ডলারেরও বেশি আর্থিক মূল্যের 26টি প্রকল্প সম্পন্ন করেছে, যা বার্ষিক কার্বন নির্গমনের পরিমাণ প্রায় 12,000 মেট্রিক টন কমিয়ে এনেছে—যেটি সড়ক থেকে 2,600 টিরও বেশি গ্যাস-চালিত গাড়ি সরিয়ে ফেলার সমতুল্য। সর্বমোট, এসব প্রকল্প বার্ষিক জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ OGS-এর 4.5 মিলিয়ন ডলার সাশ্রয় করেছে।

NYPA বিল্ডস্মার্ট 2025-এর অধীনে এটির সরকারি গ্রাহকদেরকে বিস্তৃত পরিসরের জ্বালানি প্রযুক্তি এবং নবায়নযোগ্য শক্তি সংক্রান্ত পরিষেবাসমূহ প্রদান করে থাকে, যার মধ্যে এনার্জি অডিট, প্রকল্পের প্রকৌশল, নকশা প্রণয়ন, ইনস্টলেশন এবং নির্মাণকাজের ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। NYPA কর্তৃক সম্পন্ন করা জ্বালানি দক্ষতা বিষয়ক প্রকল্পগুলোর মধ্যে উচ্চ দক্ষতাসম্পন্ন লাইটিং রেট্রোফিট, অকুপেন্সি এবং ডেলাইটিং লাইটিং সেন্সর, বিল্ডিং ও শক্তি ব্যবস্থাপনা সিস্টেম, বয়লার, চিলার, এয়ার-হ্যান্ডলিং সিস্টেম, থার্মাল স্টোরেজ, মাইক্রোগ্রিড, সোলার ফটোভোল্টিক সিস্টেম, ডিজেস্টার গ্যাস সিস্টেম, এবং উদীয়মান জ্বালানি প্রযুক্তিসমূহ ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

বিল্ডস্মার্ট 2025 2025 সালের মধ্যে ভবনগুলোতে অন-সাইট জ্বালানি ব্যবহার 185 ট্রিলিয়ন BTU কমিয়ে আনার জন্য স্টেটের সামগ্রিক লক্ষ্যের অংশ। স্টেটের সত্ত্বাগুলো 1,200 এরও বেশি জ্বালানি প্রকল্প বাস্তবায়ন করেছে বা সক্রিয়ভাবে উন্নয়ন করছে যা হিসাব অনুযায়ী 7.6 ট্রিলিয়ন BTU-এর চেয়েও বেশি জ্বালানি সাশ্রয় করবে।

ভবনগুলি নিউ ইয়র্ক স্টেটের গ্রীনহাউস গ্যাস নির্গমনের বৃহত্তম উৎসগুলির অন্যতম এবং নতুন ও বিদ্যমান ভবনগুলোতে শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ ব্যবস্থা যুক্ত করা হলে তা কার্বন দূষণ হ্রাস করবে এবং 2030 সালের মধ্যে 2 মিলিয়ন জলবায়ুবান্ধব বাড়ি অর্জনের স্টেটের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যের সমর্থনে আরো টেকসই, স্বাস্থ্যকর, এবং আরামদায়ক ভবন অর্জনে সাহায্য করবে। নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority), পাওয়ার অথরিটি এবং ইউটিলিটি কর্মসূচিগুলোর মাধ্যমে স্টেটের ডিকার্বোনাইজেশন লক্ষ্য অর্জনে ভবনগুলোকে ডিকার্বনাইজ করার জন্য 6.8 বিলিয়ন

ডলারেরও বেশি বিনিয়োগ করা হচ্ছে। ভবনগুলোতে জ্বালানি দক্ষতা উন্নত করা ও অনসাইট স্টোরেজ, নবায়নযোগ্য ও বৈদ্যুতিক যানবাহন চার্জিং সরঞ্জাম অন্তর্ভুক্ত করার মাধ্যমে, স্টেট কার্বন দূষণ কমাবে এবং 2025 সালের মধ্যে অন-সাইট জ্বালানি ব্যবহার 185 ট্রিলিয়ন Btu কমিয়ে আনার লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাবে, যা 1.8 মিলিয়ন বাড়িতে বিদ্যুতের চাহিদা মেটানোর সমতুল্য। নিউ ইয়র্ক ব্যাপী নির্মল জ্বালানি সংক্রান্ত কর্মসংস্থানের 75 শতাংশ জ্বালানি দক্ষতার আওতাভুক্ত।

নিউ ইয়র্ক স্টেটের স্থায়িত্ব সংক্রান্ত লক্ষ্যসমূহের সঙ্গে সঙ্গতি রক্ষা করে, নিউ ইয়র্ক জলবায়ু সপ্তাহ 2023 চলাকালীন সময়ে পোর্ট অথরিটি এটির আসন্ন নির্গমন কমিয়ে আনার লক্ষ্যসমূহ এবং এটির 2050 সালের মধ্যে নেট-জিরো কার্বন নির্গমনের লক্ষ্য উভয়টি অর্জনের উদ্দেশ্যে 40টিরও বেশি পদক্ষেপের সমন্বয়ে একটি সমন্বিত পরিকল্পনা ঘোষণা করেছে। এই বাইস্টেট সংস্থা কেবল এটির নিজের প্রত্যক্ষ নির্গমন দূর করাই নয়, বরং এটির কার্যপরিচালনাকারী কন্ট্রাক্টরদের সঙ্গে, যাদের মধ্যে এয়ারলাইন, শিপিং কোম্পানি, কন্টেইনার টার্মিনাল অপারেটর এবং আঞ্চলিক বাস ক্যারিয়ারগুলো অন্তর্ভুক্ত, কাজ করার মাধ্যমে নেট-জিরো কার্বন নির্গমনের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করার অঙ্গীকার গ্রহণের মাধ্যমে যুক্তরাষ্ট্রের পরিবহন সংস্থাগুলোর মধ্যে একটি অনন্য অবস্থানে রয়েছে। সংস্থাটির নেট-জিরো রোডম্যাপে এসব অংশীদারকে নির্গমন কমিয়ে আনতে সহায়তা করার জন্য সংস্থাটি গ্রহণ করবে এমন কয়েক ডজন পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত তথ্য উল্লেখ করা হয়েছে, যা সেসব অংশীদারকে সংস্থাটির কন্ট্রাক্টের অধীন বেঞ্চমার্কগুলো অর্জনে সাহায্য করবে। এসব পদক্ষেপের মধ্যে রয়েছে সংস্থাটির বাস ফ্যাসিলিটিগুলোতে শূন্য-নির্গমনের দিকে উত্তরণ উল্লেখযোগ্যভাবে সহজ করে আনা, বিমানবন্দরগুলোতে টেকসই জেট ফুয়েলের দিকে উত্তরণে সহায়তা করা, এবং এটির পোর্টের কন্টেইনার টার্মিনালগুলোতে পরিবেশগত দিক থেকে সচেতন কার্যপরিচালনা সহজতর করা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

অ্যাসেম্বলি সদস্য চার্লস ডি. ফল বলেন, "ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে লাইটিং আপগ্রেড করার আজকের ঘোষণা, যেখানে 6,500 টিরও বেশি ফ্লুরোসেন্ট লাইটকে LED লাইট দিয়ে প্রতিস্থাপন করা হবে, জ্বালানি দক্ষতা এবং স্থায়িত্বের দিকে নিউ ইয়র্কের যাত্রার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ নির্দেশ করে। NYPA-এর বিল্ডস্মার্ট 2025 উদ্যোগের অংশ হিসেবে, আনুমানিক 3 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ শুধু আইকনিক স্কাইলাইনটি সমৃদ্ধই করছে না, বরং প্রতি বছর জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ 64,000 ডলার সাশ্রয় হওয়ার প্রতিশ্রুতি দিচ্ছে। কৌশলগত, পরিবেশ-বান্ধব বিনিয়োগ কিভাবে উল্লেখযোগ্য দীর্ঘ-মেয়াদী সুবিধার দিকে নিয়ে যেতে পারে এটি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। এই স্মার্ট প্রকল্প নিয়ে পোর্ট অথরিটির সঙ্গে কাজ করার জন্য আমি নিউ ইউর্ক পাওয়ার অথরিটিকে সাধুবাদ জানাই, যে প্রকল্পটি নির্গমন কমিয়ে আনার পাশাপাশি অর্থ সাশ্রয় করছে এবং আমাদেরকে জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যসমূহ অর্জনের পথে এগিয়ে নিয়ে যাচ্ছে।"

অ্যাসেম্বলি সদস্য ইনেজ ডিকেন্স বলেন, "জ্বালানি দক্ষতা উন্নয়নের জন্য আমরা যা কিছু করছি সেগুলো আমাদেরকে জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরতার অবসান ঘটানোর দিকে এক ধাপ এগিয়ে নিচ্ছে। অফিস অব জেনারেল সার্ভিসেস-এর অংশীদারিত্বে নিউ ইউর্ক পাওয়ার অথরিটি কর্তৃক এই স্মার্ট বিনিয়োগ অ্যাডাম ক্লেইটন পাওয়েল, জুনিয়র স্টেট অফিস বিল্ডিংয়ে

একটি পুরোনো লাইটিং সিস্টেমকে জ্বালানি সাশ্রয়ী LED দিয়ে আপগ্রেড করছে। আমরা একটি দীর্ঘ-মেয়াদী আর্থিক সাশ্রয় দেখতে পাবো এবং একইসাথে আগামী প্রজন্মগুলোর জন্য বায়ুকে পরিষ্কার করে তোলার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃস্থানীয় অবস্থানে থাকা নিশ্চিত করবো।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

NYPA সম্পর্কে
NYPA হল স্টেটের সব থেকে বড় পাবলিক পাওয়ার অর্গানাইজেশন, যা 16 টি জেনারেটিং ফেসিলিটি এবং ট্রান্সমিশন লাইনের 1,400 এর বেশি সার্কিট- মাইল পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA কোনো ধরনের আয়কর অর্থ বা স্টেট ক্রেডিট ব্যবহার করে না। তারা তাদের বন্ড বিক্রয় এবং বিদ্যুৎ বিক্রি করে অর্জিত অর্থ দিয়ে তাদের অধিকাংশ কার্যকলাপের অর্থায়ন করে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.nypa.gov ঠিকানায় এবং আমাদেরকে অনুসরণ করুন টুইটারে (Twitter) @NYPAenergy, ফেসবুকে (Facebook), ইনস্টাগ্রামে (Instagram), টাম্বলারে (Tumblr) ও লিংকডইনে (LinkedIn)।

নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ সম্পর্কে

নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ একটি দ্বি-স্টেট এজেন্সি যা দেশের সবথেকে গুরুত্বপূর্ণ পরিবহন ও বাণিজ্য অবকাঠামোর অনেকগুলির নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করে। এক শতকেরও বেশি সময় ধরে, সংস্থাটির বৃহৎ বিমানবন্দরের নেটওয়ার্ক; অতি গুরুত্বপূর্ণ ব্রিজ, টানেল ও বাস টার্মিনাল; একটি কমিউটার রেল লাইন; এবং ইস্ট কোস্টের ব্যস্ততম সমুদ্র বন্দর দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হয়ে রয়েছে – যেগুলো কয়েকশ মিলিয়ন মানুষকে পরিবহন করছে এবং অপরিহার্য পণ্যগুলো এই অঞ্চলে নিয়ে আসছে এবং এই অঞ্চল থেকে বাইরে নিয়ে যাচ্ছে। এছাড়াও পোর্ট অথরিটি 16 একরের ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ক্যাম্পাসের মালিক এবং সেটির ব্যবস্থাপনা করছে, যেটি বর্তমানে হাজার হাজার অফিস কর্মী এবং প্রতি বছরে কয়েক মিলিয়ন দর্শনার্থীদের স্বাগত জানিয়ে থাকে। সংস্থাটির ঐতিহাসিক 37 বিলিয়ন ডলারের 10 বছর মেয়াদী মূলধনী পরিকল্পনার মধ্যে এই অঞ্চলের তিনটি প্রধান বিমানবন্দরের– লা গার্ডিয়া, নিউআর্ক লিবার্টি এবং JFK – নজিরবিহীন রূপান্তরের পাশাপাশি 2 বিলিয়ন ডলার অর্থ ব্যয়ে 90 বছরের পুরোনো জর্জ ওয়াশিংটন ব্রিজ সংস্কার সহ অন্যান্য নতুন ও উন্নয়নকৃত সম্পদ অন্তর্ভুক্ত রয়েছে। পোর্ট অথরিটির 8 বিলিয়ন ডলারের বার্ষিক বাজেটের মধ্যে নিউ ইয়র্ক স্টেট অথবা নিউ জার্সি স্টেট অথবা নিউ ইয়র্ক সিটি থেকে পাওয়া কোনো কর রাজস্ব অন্তর্ভুক্ত করা হয়নি। এজেন্সি প্রাথমিকভাবে তার নিজস্ব ঋণের উপর তার সুবিধা উন্নয়ন, নির্মাণ বা অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করে। আরো তথ্যের জন্য, www.panynj.gov ঠিকানায় ভিজিট করুন অথবা *নাও এরাইভিং (Now Arriving)* ব্লগ দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418